



بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



বাণী

প্রধানমন্ত্রী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৩০ বৈশাখ ১৪২৫

১৩ মে ২০১৮

Metropolitan Chamber & Commerce Industry (MCCI), Dhaka আয়োজিত ‘অগ্রগামী-Frontrunner’ চ্যালেঞ্জ- এর সমাপনী উপলক্ষে আমি সংশ্লিষ্ট সকলকে আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি।

আওয়ামী লীগ সরকার রূপকল্প ২০২১ ও ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে একটি উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ গড়তে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। আমরা ২০০৯ সাল থেকে অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণে বিভিন্নমুখী পদক্ষেপ গ্রহণ করেছি। আমরা দেশের যোগাযোগ, বিদ্যুৎ ও জ্বালানি, আইন-শৃঙ্খলাসহ প্রতিটি খাতে ব্যাপক উন্নয়নমূলক কর্মকাণ্ড বাস্তবায়ন করেছি। ফলে দেশে ব্যবসা ও বিনিয়োগবান্ধব পরিবেশ বিরাজ করছে।

Metropolitan Chamber & Commerce Industry, Dhaka ব্যবসা-বাণিজ্যের উন্নয়ন, বিনিয়োগ বৃদ্ধি, শিল্পায়ন, আমদানি-রপ্তানি বৃদ্ধি ও কর্মসংস্থানের মাধ্যমে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে সরকারকে সহযোগিতা করে যাচ্ছে।

MCCI, Dhaka আয়োজিত নেতৃত্ব গঠনমূলক ‘Immersive leadership training’ ও ‘Experiential learning’ এ ১৫টি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেছে। ‘Dhaka, A Smart and Inclusive City’ চ্যালেঞ্জ উত্তরণে তাদের নেতৃত্বের গুণাবলী ও উদ্ভাবনী শক্তি কাজে লাগিয়ে ৮টি প্রকল্প পরিকল্পনা তৈরি করেছে। এ প্রোগ্রাম অংশগ্রহণকারী ছাত্রছাত্রীদের জ্ঞান অর্জন এবং তার ভিত্তিতে কার্যকর প্রকল্প উদ্ভাবন করতে সাহায্য করেছে বলে আমি মনে করি। এ ধরনের উদ্যোগকে আমি স্বাগত জানাচ্ছি।

আমি আশা করি, ‘অগ্রগামী-Frontrunner’ চ্যালেঞ্জ প্রোগ্রাম আমাদের যুবসমাজকে অনুপ্রাণিত করবে এবং দক্ষ ও উদ্ভাবনী ক্ষমতাসম্পন্ন তরুণ নেতৃত্ব গঠনের মাধ্যমে দেশের উন্নয়নে ভূমিকা রাখবে।

আমি Metropolitan Chamber & Commerce Industry, Dhaka- এর উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু  
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা